সংবাদ

তারিখ ... 20 OCT 2015 ...
পৃষ্ঠা ...১৬... কলাম ... ৬ ...

মাদ্রাসা ছাত্র হত্যা

# সুপার ও শিক্ষকসহ ৩ জনের যাবজ্জীবন

প্রতিনিধি, নীলফামারী

নীলফামারীতে মাদ্রাসা ছাত্র ওয়ায়েজকুরুনীকে হত্যার দায়ে মাদ্রাসা সুপারসহ তিনজনকে যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দিয়েছে আদালত। পাশাপাশি তাদের প্রত্যেককে ১০ হাজার করে টাকা অনাদায়ে আরও ছয় মাস করে কারাদণ্ড দেয়া হয়েছে। সোমবার বিকেলে এ রায় ঘোষণা করেন নীলফামারীর অতিরিক্ত জেলা দায়রা জজ আদালতের বিচারক মো. মাহবুবুল আলম।

সাজাপ্রাপ্তরা হলেন, জলঢাকা উপজেলা কইমারী ইউনিয়নের বসুনিয়াপাড়া এজাহারিয়া জামিয়া দারুল সুপার : পৃষ্ঠা : ২ ক : ৬

## সুপার : ও শিক্ষকসহ

(১৬ পৃষ্ঠার পর)

উলুম হাফিজিয়া মাদ্রাসার সুপার শওকত আলী (৫৮), সহকারী শিক্ষক মফিজুল ইসলাম (৩৩) মাদ্রাসার ক্বারী শ্রেণীর ছাত্র মনিরুজ্জামান (২৭)। নীলফামারী অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের পাবলিক প্রসিউটর জামিল আহমেদ জানান, বিগত ২০০৭ সালে রংপুরের গঙ্গাচড়া উপজেলার পূর্ব কচুয়া গ্রামের আজিম উদ্দীনের ছেলে ওয়ায়েজকুরুনি (১৪) ওই মাদ্রাসায় হাফিজিয়া শ্রেণীতে পড়ত। সে মাদ্রাসা সুপারের প্রতিবাদ করায় ও এক শিক্ষকের অসামাজিক কার্যকলাপ দেখে ফেলায় তারা ক্ষিপ্ত হয়ে উঠে। এর জের ধরে ওই তিনজন ২০০৭ সালের এক জুলাই রাতে ওয়ায়েজকুরুনিকে তার চাচাতো ভাইয়ের বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করে। পরদিন মাদ্রাসার পিছন থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ। ওইদিন সন্ধ্যায় নিহতের বাবা বাদী হয়ে ওই তিনজনকে আসামি করে জলঢাকা থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। সাক্ষ্য প্রমাণে হত্যাকাণ্ডটি প্রমাণিত হওয়ায় আদালত তাদের বিরুদ্ধে এ রায় দেন।